তারিখ ... 19 SEP 2016 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

দৈনিক
জনকণ্ঠ

# শিক্ষামন্ত্রীর সঙ্গে ড্যাফোডিল ভার্সিটি প্রতিনিধি দলের সাক্ষাত

গত বৃহস্পতিবার ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান সবুর খানের নেতৃত্বে উচ্চপর্যায়ের একটি প্রতিনিধি দল শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদের সঙ্গে তার অফিসে সাক্ষাত করেন। সাক্ষাতকালে প্রতিনিধি দল শিক্ষামন্ত্রীকে জানান, আশুলিয়ায় এক শ' একর জায়গার ওপর পরিবহন, খেলাধুলা, ৬০০০ আসনবিশিষ্ট মাল্টিপারপাস কনভেনশন সেন্টার, অডিটরিয়াম, শিক্ষার্থীদের জন্য আবাসিক সুবিধাসংবলিত আন্তর্জাতিক মানের বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস গড়ে তোলা হয়েছে। সাক্ষাতকালে প্রতিনিধি দল শিক্ষামন্ত্রীকে জানান যে, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে বিভিন্ন দেশের প্রায় ২৫০ জন বিদেশী শিক্ষার্থী অধ্যয়ন করছে। প্রতিনিধি দলে ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ইউছুফ এম. ইসলাম, উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএম মাহাবুব-উল-হক মজুমদার, কোষাধ্যক্ষ হামিদুল হক খান, পরিচালক (প্রশাসন) মোহাম্মদ ইরমান হোসেন এবং উর্ধতন সহকারী পরিচালক (জনসংযোগ) মোঃ আনোয়ার হাবিব কাজল। -বিজ্ঞপ্তি

# স্টামফোর্ড ভার্সিটিতে কর্মশালা

সম্প্রতি ইউজিসি এবং স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশের যৌথ উদ্যোগে স্টামফোর্ডের সকল বিভাগে সেলফ এ্যাসেসমেন্টের ওরিয়েন্টশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। এ অনুষ্ঠানের সভাপতি স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশের প্রতিষ্ঠাতা ও প্রেসিডেন্ট প্রফেসর ড. এমএ হান্নান ফিরোজ অনুষ্ঠানের উদ্বোধন করেন। প্রধান বক্তা হিসেবে ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. এম ফিরোজ আহমেদ এবং বিশেষ বক্তা হিসেবে ছিলেন ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কে মউদুদ ইলাহী। আইকিউএসির পরিচালক ড. শহিদুল কবির এবং অতিরিক্ত পরিচালক আজিজুল হকের যৌথ পরিচালনায় দিনব্যাপী এ আয়োজনে শিক্ষার মান নিশ্চিতকরণ এবং বিশ্ব প্রেক্ষিতে স্টামফোর্ডের কার্যনির্ধারণীবিষয়ক আলোচনা হয়। -বিজ্ঞপ্তি